



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা



Web : ttc.khulna.gov.bd, E-mail : ttckhul@yahoo.com

তারিখ : ১১/০৫/২০২২ খ্রি.

স্মারক নং-টিটিকলেজ/খুলনা/

বিষয় : সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা'র মেইনগেটের দুই পার্শ্বের সীমানা প্রাচীর সংলগ্ন দোকান/স্থাপনা অপসারণের চূড়ান্ত নোটিশ সংক্রান্ত।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে, অত্র কলেজের মেইন গেটের দুই পার্শ্বের সীমানা প্রাচীর সংলগ্ন দোকান/স্থাপনার পরিচালক/প্রতিনিধিগণের সাথে কলেজ প্রশাসন ও শিক্ষকদের একটি মতবিনিময় সভা বিগত ২৮/১০/২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত মতবিনিময় সভায় কলেজ প্রশাসনের পক্ষ থেকে দোকান/স্থাপনাসমূহ অনতিবিলম্বে অপসারণ করার অনুরোধ জানানো হয়। সভায় উপস্থিত দোকান/স্থাপনার পরিচালক/প্রতিনিধিগণ তাদের স্থাপনা অপসারণের জন্য ৬(ছয়) মাস সময় প্রার্থনা করেন। মানবিক কারণে কলেজ প্রশাসন তাদের অনুরোধে সম্মতি জ্ঞাপন করেন।

২। অতঃপর বিগত ২৭/০৩/২০২২ খ্রি. তারিখে ১১২(৭) নং পত্র মোতাবেক ১৫ এপ্রিল ২০২২ খ্রি. তারিখের মধ্যে বর্ণিত সকল স্থাপনা অপসারণের জন্য সংশ্লিষ্ট সকলকে স্বেচ্ছায় অপসারণের জন্য নোটিশ প্রেরণ করা হয়।


৩। পরবর্তীতে সংশ্লিষ্ট দোকান/স্থাপনার প্রতিনিধিদের তরফে থেকে প্রতিনিধিত্বকারী একজন সম্মানিত ব্যক্তি মৌখিক ও টেলিফোনিকভাবে আরো কিছুদিন সময় প্রার্থনা করেন। অত্র কলেজ কর্তৃপক্ষ সরেজমিনে দোকান/স্থাপনার পরিচালক/প্রতিনিধিগণের সাথে সরাসরি দেখা করে ১০ মে, ২০২২ খ্রি. তারিখের মধ্যে স্ব স্ব স্থাপনা স্বেচ্ছায় অপসারণের অনুরোধ করেন।

৪। কিন্তু অতীব দৃঃখের সাথে পরিলক্ষিত হচ্ছে যে, ১০ মে, ২০২২ খ্রি. তারিখ পর্যন্ত কোন দোকান/স্থাপনা অপসারিত হয়নি। সুতরাং উল্লিখিত সীমানা প্রাচীর আশু সংস্কার ও মেরামত, সৌন্দর্যবর্ধন এবং নিরাপত্তা বিধানের নিমিত্তে আগামী ২১ মে, ২০২২ খ্রি. তারিখের মধ্যে কলেজের সীমানা প্রাচীর সংলগ্ন সকল দোকান/স্থাপনা স্ব স্ব স্থাপনকারীগণ কর্তৃক স্বেচ্ছায় অপসারণ করার জন্য চূড়ান্তভাবে অনুরোধ করা হলো।

অন্যথায়, একাদশ জাতীয় সংসদের স্বরাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ১৮তম বৈঠকের গৃহীত সিদ্ধান্ত (যা পূর্বোক্ত চিঠিতে অবহিত করা হয়েছে) মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক।

অনুরোধক্রমে


(প্রফেসর ড. শেখ মো: রেজাউল করিম)

অধ্যক্ষ

আইডি নং-৮২২৫

সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা।

মোবাইল-০১৩২১২৩১৮৬৫


প্রাপক :

স্মারক নং-টিটিকলেজ/খুলনা/

তারিখ : ১১/০৫/২০২২ খ্রি.

সদয় অবগতি জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। পুলিশ কমিশনার, কেএমপি, খুলনা।
- ২। জেলা প্রশাসক, খুলনা।
- ৩। উপ-পুলিশ কমিশনার (নর্থ), খুলনা।
- ৪। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা।
- ৬। অফিসার ইন চার্জ, আড়ংঘাটা, কেএমপি থানা, খুলনা।
- ৭। সংরক্ষণ নথি।


(প্রফেসর ড. শেখ মো: রেজাউল করিম)

অধ্যক্ষ

আইডি নং-৮২২৫

সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা।

মোবাইল-০১৩২১২৩১৮৬৫